

তারিখঃ ০২-০১০-২০২২ (পৃঃ ১১)

ব্রি'র প্রতিষ্ঠাবার্ষিকী

**খাদ্য উদ্বৃত্ত দেশে
পরিণত করার**

শপথ

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥
বাংলাদেশ খাদ্য গবেষণা
ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক
শাহজাহান কবীর বলেন, আমরা
ব্রি'কে ভালবাসি। ব্রি'র মাধ্যমে
আমরা দেশকে এগিয়ে নিয়ে
যেতে চাই। আমরা খাদ্য উদ্বৃত্তের
দেশে পরিণত হয়েছি। এ
উদ্বৃত্তের বাংলাদেশকে আমরা
টিকিয়ে রাখব। এ হোক
আমাদের আজকের শপথ।

শনিবার দুপুরে ৫২তম
প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে
আয়োজিত এক আলোচনা সভার
প্রধান অতিথির বক্তব্যে ব্রি'র
মহাপরিচালক এসব কথা বলেন।
ব্রি'র সিনিয়র লিয়াজেঁ অফিসার
আব্দুল মোমিনের সঞ্চালনায়
বক্তব্য রাখেন ব্রি বিজ্ঞানী সমিতির
সভাপতি ড. আমিনা খাতুন,
খামার ব্যবস্থাপনা বিভাগের
সিএসও এবং প্রধান সিরাজুল
ইসলাম, উদ্ভিদ রোগতত্ত্ব
বিভাগের সিএসও এবং প্রধান ড.
আব্দুল লতিফ, ব্রি কর্মকর্তা
কল্যাণ সমিতির সভাপতি রাশেল
রানা, ডিপ্লোমা কৃষিবিদ
ইনস্টিটিউশন ব্রি শাখার সাধারণ
সম্পাদক শরিফুল ইসলাম, ব্রি
কর্মচারী ক্লাবের সভাপতি
আমিনুজ্জামান রিটন, ব্রি শ্রমিক
সমিতির সভাপতি রহিম উদ্দিন।

প্রথম আলো

তারিখঃ ০২-০১০-২০২২ (পৃঃ ০৬)

গাজীপুর

প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল সকালে ইনস্টিটিউটের সম্মেলনক্ষেত্রে এক আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। ব্রির সিনিয়র লিয়াজেঁ অফিসার আবদুল মোমিনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মহাপরিচালক মো. শাহজাহান কবীর। এতে অংশ নেন বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীরা। মহাপরিচালক মো. শাহজাহান কবীর বলেন, 'আমরা ব্রিকে ভালোবাসি। ব্রির মাধ্যমে আমরা দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। আমরা খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত হয়েছি। এ উদ্বৃত্তের বাংলাদেশ আমরা টিকিয়ে রাখব। এ হোক আমাদের আজকের শপথ।' আলোচনাসভার আগে ব্রির চত্বরে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্প অর্পণ, বেলুন উড়ানো, শোভাযাত্রা হয়। এ পর্যন্ত ১০৮টি উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন করেছে। এ ছাড়া আধুনিক ধান চাষের জন্য মাটি, পানি ও সার ব্যবস্থাপনার ক্ষেত্রে ৫০টিরও বেশি উন্নত প্রযুক্তি উদ্ভাবন, ৫১টি লাভজনক ধানভিত্তিক শস্যক্রম উদ্ভাবন ও ৩৪টি কৃষিযন্ত্র উদ্ভাবন ও উন্নয়ন করেছে প্রতিষ্ঠানটি।

সংবাদদাতা, গাজীপুর